

# প্রতিটি দিন গুরুত্বপূর্ণ

আপনার সন্তান যদি প্রতিদিন স্কুলে যায় তাহলে সে তার শিক্ষা গ্রহণে সর্বাধিক অর্জন করতে এবং তার কর্মজীবনের উন্নয়ন করতে এবং জীবনের সুযোগগুলোকে কাজে লাগাতে আরও ভালভাবে সক্ষম হবে।

নিয়মিত স্কুলে উপস্থিতি আপনার সন্তানের শেখার প্রসার এবং তাদের বন্ধুদের সাথে ইতিবাচক সম্পর্ক তৈরি করতে সহায়তা করতে পারে।

যদি কোনও কারণে আপনার শিশুকে স্কুলে নিয়ে যাওয়ার জন্য সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

স্কুলের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি দোভাষীর সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, অপারেটরকে বলুন যে আপনার কী ভাষা প্রয়োজন এবং তাদের স্কুলে ফোন করতে বলুন। অপারেটর আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

NSW GOVERNMENT